

## মে থেকে শুরু হচ্ছে দুটি বিদেশি এয়ারলাইন্সের কার্যক্রম

- A Monitor Desk Report

Date: 29 April, 2024



ঢাকা: দেশে দুটি নতুন বিদেশি এয়ারলাইন্স ফ্লাইট পরিচালনার পরিকল্পনা করছে। এয়ারলাইন্স দুটি হলো, ইথিওপিয়ান এয়ারলাইন্স ও এয়ার চায়না। মে মাস থেকে তাদের কার্যক্রম হতে যাচ্ছে বলে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) সূত্রে জানা গেছে।

বেবিচক কর্মকর্তারা জানান, বাংলাদেশ একটি এভিয়েশন হাবে পরিণত করার লক্ষ্য রয়েছে। এরই অংশ হিসেবে আগামী মে মাস থেকে ইথিওপিয়ান এয়ারলাইন্স এবং এয়ার চায়না'র ফ্লাইট পরিচালনার সুবিধার্থে সব ধরনের প্রস্তুতি নেওয়া শুরু করছে বেবিচক।

বেবিচকের সদস্য (পরিচালনা ও পরিকল্পনা) এয়ার কমোডর এ এফ এম আতিকুজ্জামান সাংবাদিকদের বলেন, এয়ারলাইন্সের সংখ্যা বাড়লে বাংলাদেশ থেকে বিভিন্ন দেশে ফ্লাইটও বাড়বে। এতে আয় বাড়বে বেবিচকের। নির্বিঘ্নে ফ্লাইট পরিচালনার সহায়ক পরিবেশ সৃষ্টিতে নিরাপত্তা নিশ্চিত করাসহ সব ধরনের ব্যবস্থা রয়েছে বেবিচকের।

বেবিচকের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মফিদুর রহমান সাংবাদিকদের জানান, অক্টোবরে যাত্রীদের ব্যবহারের জন্য খুলে দেওয়া হচ্ছে বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল। এ টার্মিনালকে কেন্দ্র করে বাংলাদেশ থেকে বিভিন্ন আন্তর্জাতিক রুটে ফ্লাইট পরিচালনার আগ্রহ প্রকাশ করছে ইথিওপিয়ান ও এয়ার চায়নাসহ বিদেশি নামিদামি বিভিন্ন এয়ারলাইন্স মালিকেরা। আগামী মে মাসে ইথিওপিয়ান ও এয়ার চায়নার ফ্লাইট পরিচালনার বিষয়ে বিমানবন্দরে সব ধরনের প্রস্তুতি চলছে। এ বিষয়ে বেবিচক থেকে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে একটি চিঠি পাঠানো হয়েছে।

বেবিচকের একাধিক কর্মকর্তা জানান, নতুন দুটি এয়ারলাইন্সের জন্য গ্রাউন্ড হ্যান্ডলিং পরিষেবা সহজতর করতে বিমানকে জানিয়েছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়।

বেবিচক ও সংশ্লিষ্ট এয়ারলাইন্স সূত্র জানায়, ইথিওপিয়ান এয়ারলাইন্স আগামী মাস থেকে আদিস আবাবা এবং ঢাকার মধ্যে ফ্লাইট শুরুর

প্রস্তুতি নিয়েছে। চীনের রাষ্ট্রীয় মালিকানাধীন এয়ারলাইন্স এয়ার চায়না প্রথমবারের মতো সরাসরি বেইজিং-ঢাকা-বেইজিং ফ্লাইট চালু করতে যাচ্ছে।

প্রাথমিকভাবে সপ্তাহে পাঁচটি ফ্লাইট পরিচালনা করবে ইথিওপিয়ান এয়ারলাইন্স। তারা ১৪৭টি বিমান, যাত্রী বহন, গন্তব্য, বহরের আকার এবং আয়ের দিক থেকে এ ধরনের পরিষেবা দেওয়া দেশগুলোর তালিকায় বিশ্বের চতুর্থ বৃহত্তম এয়ারলাইন হিসেবে স্থান পেয়েছে। অন্যদিকে, চীন ও বাংলাদেশের মধ্যে জনগণের যোগাযোগ বৃদ্ধির প্রবণতা বিবেচনায় এয়ার চায়না ঢাকা-বেইজিং-ঢাকা রুটে সপ্তাহে দুটি ফ্লাইট পরিচালনা করবে বলে জানিয়েছেন বেবিচক সংশ্লিষ্টরা।

**-B**